গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
কর্মসংস্থান শাখা-১

নং-৪৯.০০৭.১০২৪.০০.০০.২৪৩.২০১০- তারিখ ঃ ২৩-১১-২০১৭ খ্রিঃ।

বিষয় **ইরাকের (১) Investor Adel Taher Sharif কোম্পানীতে General Cleaning পদে ২৯ (উনত্রিশ) জন এবং (২) Kayson Co. Ltd for Iraq কোম্পানীতে General Cleaning পদে ২৩ (তেইশ) জনসহ সর্বমোট ২৯+২৩=৫২ (বায়ান্ন) জন কর্মীর নিয়োগানুমতি প্রদান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সী আদিব এয়ার ট্রাভেল এন্ড ট্যুরস (আরএল-১০২৪)-এর আবেদনের প্রেক্ষিতে ইরাকের (১) Investor Adel Taher Sharif কোম্পানীতে General Cleaning পদে ২৯ (উনত্রিশ) জন এবং (২) Kayson Co. Ltd for Iraq কোম্পানীতে General Cleaning পদে ২৩ (তেইশ) জনসহ সর্বমোট ২৯+২৩=৫২ (বায়ান্ন) জন কর্মীর নিয়োগানুমতি নিম্নেবর্ণিত শর্তে নির্দেশক্রমে জ্ঞাপন করা হ'ল ঃ

| কোম্পানীর নাম | পদের নাম | কর্মী সংখ্যা | বেতন(মাসিক) | অন্যান্য সুবিধাদি |
|---|---|---|---|---|
| (১) Investor Adel Taher Sharif | General Cleaning | ২৯ (উনত্রিশ) জন | ৪০০ US $ | থাকা, খাওয়া, যাতায়াত এবং চিকিৎসা ফ্রি;<br>চুক্তির মেয়াদ- ০২ বছর<br>কর্মঘন্টা- ০৮ ঘন্টা, সপ্তাহে ৪৮ ঘন্টা<br>বিমান ভাড়া- একপথ ফ্রি;<br>চাকুরির অন্যান্য শর্তাবলী ইরাকের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে। |
| (২) Kayson Co. Ltd for Iraq | General Cleaning | ২৩ (তেইশ) জন | ৪০০ US $ | থাকা, খাওয়া, যাতায়াত এবং চিকিৎসা ফ্রি;<br>চুক্তির মেয়াদ- ০২ বছর<br>কর্মঘন্টা- ০৮ ঘন্টা, সপ্তাহে ৪৮ ঘন্টা<br>বিমান ভাড়া- একপথ ফ্রি;<br>চাকুরির অন্যান্য শর্তাবলী ইরাকের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে। |

<u>সর্বমোট ২৯+২৩=৫২ (বায়ান্ন) জন</u>

<u>শর্তাবলী ঃ</u>

(ক) প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সীর একজন প্রতিনিধি কর্মীদের সাথে ইরাক যাবেন অথবা ইরাক বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সীর একজন প্রতিনিধিকে আবশ্যিক ভাবে উপস্থিত থাকতে হবে।

(খ) প্রত্যেক গ্রুপে বাংলাদেশী কর্মী ইরাকে পৌছার পর রিক্রুটিং এজেন্সী অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং ইরাকস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।

(গ) বহির্গমন ছাড়পত্র ইস্যু করার পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।

(ঘ) বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে চাহিদা পত্র/ক্ষমতা পত্র ও অন্যান্য কাগজপত্রের মূলকপি/ছায়ালিপি দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।

(ঙ) চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানীতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সীকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবাসন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

(চ) কর্মীদের প্রত্যেককে ইরাকের বর্তমান পরিস্থিতি সম্পর্কে অবহিত হয়ে স্বেচ্ছায় ইরাক গমন করছেন মর্মে ৩০০/= (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকার ও ঘোষণা পত্র দাখিল করতে হবে।

(ছ) কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সী কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ ১,২৯,৫৪০/- (এক লক্ষ উনত্রিশ হাজার পাঁচশত চল্লিশ) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।

(জ) চাকরির শর্তাবলী ইরাকের শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।

(ঝ) এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

(ঞ) বিমান ভাড়াসহ অন্য কোন ফি প্রযোজ্য না হলে তা কর্মীর উপর বার্তাবে না।

(ট) দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি পরীক্ষান্তে নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।

(ঠ) মূল চাহিদাপত্র ও ক্ষমতাপত্রের Attestation-এর বিষয়টি বিএমইটি সতর্ক পরীক্ষা করবে।

(ড) ১ জুলাই ২০১৭ থেকে ডাটাবেজ কার্যকর হওয়ায় ডাটাবেজ থেকে কর্মী নেয়ার বিষয়টি মহাপরিচালক (বিএমইটি) নিশ্চিত করবেন এবং মন্ত্রণালয়কে অবহিত করবেন।

(ডক্টর কাজী কামরুন নাহার)
উপসচিব
ফোন ঃ ০২৪-৮৩২২৫১৯

মহাপরিচালক
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ড রোড
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।

নং-৪৯.০০৭.১০২৪.০০.০০.২৪৩.২০১০- ৭৫৫

তারিখ ঃ ২৩-১১-২০১৭ খ্রিঃ।

<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ঃ</u>

১. যুগ্মসচিব (কর্মসংস্থান), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২. যুগ্মসচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়।
৫. কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস, বাগদাদ, ইরাক।
৬. স্বত্বাধিকারী, আদিব এয়ার ট্রাভেলস এন্ড ট্যুরস, ৪০/১-ডি ইনার সার্কুলার রোড (৬ষ্ঠ তলা), পুরানা পল্টন, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. অফিস কপি।

(ডক্টর কাজী কামরুন নাহার)
উপসচিব
ফোন ঃ ০২৪-৮৩২২৫১৯